

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 27 April, 2025

জামালপুরে এসএসসি, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ১৭ জন শিক্ষার্থীকে বহিষ্কার এবং ৮ জন শিক্ষককে তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। জেলার ইসলামপুর, বকশিগঞ্জ ও মাদারগঞ্জ উপজেলার ৬টি পরীক্ষাকেন্দ্রে এসব ঘটনা ঘটেছে। রোববার (২৭ এপ্রিল) জামালপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আফসানা তাসলিম এই তথ্য নিশ্চিত করেন।

জানা যায়, ইসলামপুর উপজেলার ৪ নম্বর চর উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫ জন শিক্ষক এবং ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া, মাদারগঞ্জ উপজেলার জুনাইল উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখা থেকে ৩ জন, ইসলামাবাদ ওয়াছিম উদ্দিন উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ৩ জন, বালিজুড়ী রওশন আরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ৪ জন এবং মাদারগঞ্জ আব্দুল আলী মির্জা কাশেম কামিল মাদ্রাসা কেন্দ্র থেকে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া, বকশিগঞ্জের খয়ের উদ্দিন ফাজিল মাদ্রাসা কেন্দ্র থেকে ১ জন দাখিল পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক আফসানা তাসলিম জানান, "নিয়মিত তদারকির অংশ হিসেবে কেন্দ্র পরিদর্শনকালে নিয়ন্ত্রণ কর্মকর্তার নজরে আসে যে, বেশ কয়েকজন পরীক্ষার্থী বই, চিরকুট ও মোবাইল ফোন ব্যবহার করে নকল করছে। তাৎক্ষণিকভাবে কেন্দ্র পরিচালনা কমিটির সিদ্ধান্তে এসব শিক্ষার্থী বহিষ্কৃত হয় এবং সংশ্লিষ্ট কক্ষে দায়িত্বে থাকা ৮ জন শিক্ষককে তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।"

তিনি আরও বলেন, "শিক্ষার্থীদের মধ্যে শৃঙ্খলা বজায় রাখতে আমরা কঠোর নজরদারি বজায় রাখছি এবং যারা অনিয়ম করবে, তাদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হচ্ছে।"

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:41

URL: <https://www.timestodaybd.com/mymensingh/1541797954>